গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর
সিনিয়র প্ল্যানারের কার্যালয়, সিলেট সিটি কর্পোরেশন
পুরাতন ভবন (৫ম তলা), তোপখানা, সিলেট
www.udd.sylhet.gov.bd

**নম্বর:** ২৫.৪৫.৯১৬২.০০০.১০৩.২৯.০০০১.১৮.১৪৭

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ মে ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **"সিলেট বিভাগীয় শহরের কৌশলগত পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি: বর্তমান প্রেক্ষাপট" বিষয়ক সেমিনারের কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট এর আয়োজনে গত ২৪/০৪/২০২৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় "সিলেট বিভাগীয় শহরের কৌশলগত পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি: বর্তমান প্রেক্ষাপট" বিষয়ক সেমিনার সিলেট সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে সিলেট আঞ্চলিক অফিস এর সিনিয়র প্ল্যানার জনাব শাহীন আহম্মেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারের কার্যবিবরণী সদয় অবগতির জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিসে অনুষ্ঠিত সেমিনারের কার্যবিবরণী উপস্থিতি তালিকাসহ

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

Shaheen Ahmed
১৪-০৫-২০২৫
জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার
+৮৮০২৯৯৬৬৩৬৬৩৩
uddsylhet@yahoo.com

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। পরিচালক (অতিরিক্ত সচিব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা , প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, সিলেট সিটি কর্পোরেশন।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, জেলা পরিষদ, সিলেট।
৪। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বন বিভাগ, সিলেট।
৫। প্রধান প্রকৌশলী , প্রকৌশল বিভাগ, সিলেট সিটি কর্পোরেশন।
৬। সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট।

৯। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
১০। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,সিলেট।
১১। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
১২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট।
১৩। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর।
১৪। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর।
১৫। সিনিয়র প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
১৬। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
১৭। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট।
১৮। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট।
১৯। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, সিলেট।
২০। উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সিলেট।
২১। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
২২। জেলা শিক্ষা অফিসার, সিলেট জেলা।
২৩। উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), সিলেট।
২৪। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, সিলেট।
২৫। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিলেট।
২৬। নগর পরিকল্পনাবিদ , প্লানিং সেল, সিলেট সিটি কর্পোরেশন।
২৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, খাদ্য বিভাগ, সিলেট।
২৮। উপ-আবহাওয়াবিদ, আবহাওয়া অধিদপ্তর, সিলেট।
২৯। অতিরিক্ত উপপরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট।
৩০। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।
৩১। জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিলেট।
৩২। জেলা রেজিস্ট্রার, জেলা রেজিস্ট্রার অফিস, সিলেট।
৩৩। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, সিলেট, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, সিলেট।
৩৪। উপ পরিচালক, জেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
৩৫। পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট।
৩৬। পরিচালক, বিভাগীয় পরিবেশ অধিদপ্তর, সিলেট।
৩৭। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিলেট।
৩৮। উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন), এসএমপি, সিলেট।
৩৯। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট।
৪০। সহকারী পরিচালক, জেলা পরিবেশ অধিদপ্তর, সিলেট।
৪১। সহকারী বন সংরক্ষক, সিলেট বন বিভাগ, সিলেট।
৪২। সহকারী পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট।
৪৩। প্রশাসনিক কর্মকর্তা, কৃষি বিপনন অধিদপ্তর, সিলেট।
৪৪। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট।
৪৫। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, সিলেট।
৪৬। জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, সিলেট।
৪৭। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ ইন্সটিটিউট, সিলেট।
৪৮। মহাব্যবস্থাপক, বিটিসিএল, সিলেট।
৪৯। অধ্যক্ষ, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট।
৫০। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট।
৫১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট বিভাগ, সিলেট।
৫২। পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, সিলেট।
৫৩। নিরাপদ খাদ্য পরিদর্শক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, সিলেট।

৫৪। যুগ্ম-পরিচালক, বিএডিসি (সার), সিলেট।
৫৫। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক ও আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সিলেট।
৫৬। উপ-পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, সিলেট।
৫৭। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট।
৫৮। হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।
৫৯। মোঃ ইমাম হোসেন, ড্রেনেজ এবং বন্যা ব্যবস্থাপনা এডভাইসর, এস এন ভি, নেদারল্যান্ডস।
৬০। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।
৬১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , পূর্ত শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
৬২। সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব), পূর্ত শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
৬৩। সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) , বৈদ্যুতিক শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
৬৪। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) , পূর্ত শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
৬৫। উপ-সহকারী প্রকৌশলী, পূর্ত শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
৬৬। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) , পূর্ত শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
৬৭। সহকারী প্রকৌশলী, পূর্ত শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
৬৮। নির্বাহী প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৬৯। উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সিলেট।
৭০। আবহাওয়াবিদ, আবহাওয়া অফিস, সিলেট।
৭১। সহকারী পরিচালক (রুটিন দায়িত্ব), জেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
৭২। উপমহাব্যবস্থাপক, বিটিসিএল, সিলেট।
৭৩। ইন্সপেক্টর, সিলেট মেট্রোপলিটন পুলিশ (এসএমপি)।
৭৪। কম্পিউটার অপারেটর, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট।
৭৫। জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কর্মকর্তার কার্যালয়, সিলেট।
৭৬। সহকারী পরিচালক, প্রশাসন ও অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।
৭৭। বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, সিলেট।
৭৮। উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
৭৯। সহকারী প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৮০। উপসহকারী প্রকৌশলী (মূল দায়িত্ব), জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিলেট।
৮১। আর্কিটেক্ট, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৮২। সহকারী প্রকৌশরী, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৮৩। ইঞ্জিনিয়ারিং এ্যাডভাইজার, এসএনভি, তোপখানা, সিলেট।
৮৪। সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর
সিনিয়র প্ল্যানারের কার্যালয়, সিলেট সিটি কর্পোরেশন
পুরাতন ভবন (৫ম তলা), তোপখানা, সিলেট

বিষয়: "সিলেট বিভাগীয় শহরের কৌশলগত পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি: বর্তমান প্রেক্ষাপট" বিষয়ক সেমিনারের কার্যবিবরণী।

সভাপতি: শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
তারিখ: ২৪ এপ্রিল ২০২৫ খ্রি:
সময়: সকাল ১০.০০ ঘটিকা
স্থান: সম্মেলন কক্ষ, সিলেট সিটি কর্পোরেশন ভবন, সিলেট
উপস্থিতি ও আলোকচিত্র: পরিশিষ্ট "ক" ও পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য।

সেমিনারের সভাপতি ও সঞ্চালক সিনিয়র প্ল্যানার জনাব শাহীন আহম্মেদ উপস্থিত সকল দপ্তরের কর্মকর্তাদের স্বাগত জানান। সেমিনারের প্রধান অতিথি জরুরি প্রয়োজনে উপস্থিত না থাকতে পারায় তাঁর সম্মতিক্রমে অদ্য সেমিনারে প্রধান অতিথি হিসেবে দায়িত্ব পালন করেন সিলেট সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ইঞ্জিনিয়ার জনাব মোহাম্মদ আলী আকবর। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো: আনোয়ারুল ইসলাম, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মো. ইমাম হোসেন, ড্রেনেজ এবং বন্যা ব্যবস্থাপনা অ্যাডভাইজার, এস এন ভি, নেদারল্যান্ডস।

সভাপতি মহোদয় অতিথিদের সামনে সেমিনার করার প্রেক্ষাপট হিসেবে বলেন যে, সিলেট সিটি কর্পোরেশন সম্প্রতি বর্ধিত ১৫ (পনেরো) টি ওয়ার্ডের স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান এবং ডিটেইল্ড এরিয়া প্ল্যান তথা মাস্টার প্ল্যান তৈরি করার একটি নতুন প্রকল্প বাস্তবায়ন করছে। যেহেতু এই ধরনের কাজের তাদের সহায়ক হিসেবে পূর্বে ২০১০ সালে নগর উন্নয়ন অধিদপ্তর সিলেট বিভাগীয় শহরের পূর্বের ২৭ (সাতাশ) টি ওয়ার্ডসহ সিলেট বিভাগীয় শহরের মাস্টার প্ল্যান তৈরিতে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছিলো সেহেতু বর্তমান মাস্টার প্ল্যান তৈরিতেও দপ্তরটি সহায়ক ভূমিকা পালন করতে ইচ্ছুক। সংশ্লিষ্ট সকল দপ্তর এবং সিলেট সিটি কর্পোরেশনের কর্মকর্তাদের বিষয়টি অবহিত করা এবং কৌশলগত পরিকল্পনা প্রনয়ণে সকলের সুচিন্তিত মতামত গ্রহণ করা সেমিনারের অন্যতম উদ্দেশ্য বলে তিনি উল্লেখ করেন। সভাপতি মহোদয় সেমিনারে দুইটি প্রবন্ধ উপস্থাপনের পরে সকলকে তাঁদের সুচিন্তিত মতামত প্রদানের অনুরোধ জানান।

অতঃপর তিনি নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস এর দপ্তর প্রধান হিসেবে সিলেট আঞ্চলিক অফিসের সাংগঠনিক কাঠামো, বর্তমান জনবল এবং চলমান বর্তমান কর্মকান্ড বিষয়ে পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে উপস্থাপন করেন। তিনি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে দাখিলকৃত "সিলেট জেলার কৌশলগত পরিকল্পনা প্রণয়ন" ডিপিপি এর মূল বিষয়গুলির উপর আলোকপাত করেন। তিনি জানান যে, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে সিলেট জেলার ১৩ (তেরো) টি উপজেলার এবং সমগ্র সিলেট জেলার জন্য কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করার চেষ্টা করছে। মূল প্রবন্ধে এই কৌশলগত পরিকল্পনার ধাপগুলি পর্যায়ক্রমে উপস্থাপন করা হবে এবং একই সাথে উপস্থিত সুধীদের মতামত গ্রহণ করা হবে যাতে মাঠ পর্যায়ে সফলভাবে পরিকল্পনাটি প্রণয়ন কাজ সহজতর হয়। পরবর্তী পর্যায়ে তিনি সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপক জনাব মো. ইমাম হোসেনকে তাঁর প্রবন্ধ উপস্থাপনের আহ্বান জানান।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপক জনাব মো. ইমাম হোসেন "সিলেট বিভাগীয় শহরের কৌশলগত পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি: বর্তমান প্রেক্ষাপট" শীর্ষক বিষয়টি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে বিস্তারিত আলোচনা করেন। তিনি কৌশলগত নগর পরিকল্পনা কি সে বিষয়ে বলেন যে, সিটি স্ট্র্যাটেজিক প্ল্যান বা কৌশলগত নগর পরিকল্পনা হল একটি দীর্ঘমেয়াদি রূপরেখা, যা একটি শহরের ভবিষ্যৎ উন্নয়নের দিকনির্দেশনা দেয়। এটি সাধারণত ২০-৩০ বছরের জন্য তৈরি হয়, যেখানে শহরের ভৌত, সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত বিষয়সমূহ বিবেচনায় নেওয়া হয়। সিলেট বিভাগের মাস্টার প্ল্যানের প্রয়োজনীয়তা বর্ণনা করতে গিয়ে তিনি বলেন যে, সিলেটের পূর্বের মাস্টার প্ল্যানটি ২০৩০ সালে মেয়াদ উত্তীর্ণ হয়ে যাবে, যার ফলে বর্তমান উন্নয়ন চাহিদা ও সমস্যা মোকাবেলা একটি

চ্যালেঞ্জের মুখে পড়বে। তাছাড়া সিটি কর্পোরেশনের সম্প্রসারিত ১৫টি এলাকায় উন্নয়নের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার প্রয়োজন রয়েছে। তিনি জানান, অপরিকল্পিত নগরায়ণের ফলে শহরের বিক্ষিপ্ত ও অনিয়ন্ত্রিত উন্নয়ন পরিবেশ ও বাসযোগ্যতার ওপর বিরূপ প্রভাব ফেলছে। পক্ষান্তরে, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বন্যা, জলাবদ্ধতা, ভূমিকম্পের ঝুঁকির জন্য পরিকল্পিত প্রস্তুতি প্রয়োজন। জনাব হোসেন সিটি স্ট্র্যাটেজিক প্ল্যানের তিনটি স্তরের (স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান এবং ডিটেইল এরিয়া প্ল্যান) কথা বর্ণনা করতে গিয়ে বলেন, স্ট্রাকচার প্ল্যান শহরের ভবিষ্যৎ উন্নয়নকে নির্দেশনা দেওয়ার জন্য দীর্ঘমেয়াদি (২০-৩০ বছর) পরিকল্পনা; আরবান এরিয়া প্ল্যান (Urban Area Plan) হলো মাঝারি মেয়াদি (১০-১৫ বছর) পরিকল্পনা, যা স্ট্রাকচার প্ল্যানের নির্দেশনার ভিত্তিতে নির্দিষ্ট এলাকা ভিত্তিক উন্নয়ন নির্দেশ করে। অর্থাৎ কোন এলাকায় কী ধরনের ভূমি ব্যবহার হবে (আবাসিক, শিল্প, শিক্ষা, ইত্যাদি) তা নির্দেশ করে। UAP তে স্ট্র্যাটেজিক প্ল্যানিং জোন (SPZ)/গুরুত্বপূর্ণ অঞ্চলগুলিকে চিহ্নিত করে লক্ষ্যভিত্তিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করার নির্দেশনা দেয়।

তিনি পরিকল্পনা প্রস্তুতির ধাপসমূহ যেমন: বেস ম্যাপ প্রস্তুত, ফিজিক্যাল ফিচার ও ভূমি ব্যবহার জরিপ, GIS ডেটাবেস তৈরি, ভূমি উপযোগিতা ম্যাপ তৈরি, জনসংখ্যা প্রক্ষেপণ, PRA (Participatory Rural Appraisal) এবং পরিকল্পনা চূড়ান্তকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি চ্যালেঞ্জ/সীমাবদ্ধতার বিষয়ে অর্থের অভাব, কারিগরি দক্ষতার ঘাটতি, জনসম্পৃক্ততার সীমাবদ্ধতা, মনিটরিং টিমের অভাব এবং তথ্য ব্যবস্থাপনায় দুর্বলতার বিষয়টি উল্লেখ করেন।

তিনি তাঁর উপস্থাপনার শেষ পর্যায়ে পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে তাঁর সুপারিশমালা তুলে ধরেন যা নিম্নরূপ:

১। টেকসই বাজেট গঠন: সরকারি বাজেট ছাড়াও ডোনার সংস্থা, এনজিও ও বেসরকারি খাতের (PPP) সমন্বয়ে অর্থায়ন নিশ্চিত করতে হবে।
২। ডিজিটাল প্ল্যাটফর্ম চালু: WebGIS ও মোবাইল অ্যাপ ব্যবহারের মাধ্যমে নগরবাসীকে সহজে তথ্য জানতে ও মতামত দেয়ার সুযোগ সৃষ্টি করতে হবে।
৩। প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধি: নগর কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ দিতে হবে।
৪। সচেতনতামূলক কর্মসূচি: ওয়ার্কশপ, মতবিনিময় সভা, স্কুল ও কলেজে ক্যাম্পেইনের মাধ্যমে নাগরিক সচেতনতা বৃদ্ধি করতে হবে।
৫। সমন্বিত তথ্য ভিত্তিক পরিকল্পনা: বাস্তব তথ্য ও পরিসংখ্যান ব্যবহার করে কার্যকর ও বাস্তবভিত্তিক পরিকল্পনা তৈরি করতে হবে।
৬। মূল্যায়ন ও অডিট: প্রতি বছর পরিকল্পনার কার্যকারিতা মূল্যায়ন ও অডিট করে ফলাফল বিশ্লেষণ করতে হবে।

মূল প্রবন্ধ উপস্থাপনার পর সঞ্চালক মহোদয় উন্মুক্ত আলোচনার আহ্বান জানান। সর্বপ্রথমে সেমিনার এর বিশেষ অতিথি ড. মো: আনোয়ারুল ইসলাম, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট মূল প্রবন্ধ উপস্থাপনকারীকে ধন্যবাদ জানান। অত্র সেমিনারে তাঁকে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানোর জন্য নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেটকে ধন্যবাদ জানান। তিনি তাঁর বক্তব্যে পলিসি, প্ল্যান, অ্যাকশন এর বিভিন্ন দিকের বর্ণনা করেন। বন্যা এবং জলাবদ্ধতা সম্পর্কে আলোচনা করতে গিয়ে তিনি বলেন যে, Upstream এ অত্যধিক বৃষ্টিপাতের কারণে সুরমা-কুশিয়ারা বেসিনে তাদের ক্যাপাসিটির চেয়ে বেশী পানি আসছে এবং নদীতে অনেক জায়গায় বাঁধ দেয়ার কারণে ভরা মৌসুমে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে। তিনি সিলেট সিটিকে একটি বিলুপ্ত দিঘীর সিটি হিসেবে উল্লেখ করেন এবং জানান যে, লালদিঘী, সাগরদিঘী, ধোপাদিঘী, হাওড়দিঘী এই দিঘীগুলি এখন বাস্তবে নাই। এই দিঘীগুলি সিলেট শহরের রিজার্ভার হিসেবে গণ্য হতো কিন্তু এগলি না থাকায় পানির স্বল্পতার পাশাপাশি জলাবদ্ধতা/বন্যার সৃষ্টি হচ্ছে। আগামীতে Sustainable সিটি গড়তে হলে Strategic Plan এ এই দিঘীগুলি পুনরায় পূর্বের অবস্থায় ফিরিয়ে আনার প্রস্তাবনা থাকতে হবে। “Environment is a great issue to this great city” এটি মাথায় রেখে Strategic Plan করতে হবে বলে তিনি জানান। তিনি সামাজিক বিষয়গুলি বা মানুষের দায়বদ্ধতাগুলি সঠিকভাবে পর্যবেক্ষণ করে ভবিষ্যৎ সিলেট সিটির উন্নয়ন কাজ করতে হবে বলে উল্লেখ করেন। তিনি ১০০ বছরের বন্যার Return Period বিবেচনা করে বাড়ি নির্মাণে Plinth Level এর উচ্চতা নির্ধারণ করতে হবে বলে উল্লেখ করেন। তিনি নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট কর্তৃক এমন একটি সেমিনার আয়োজনের জন্য আবারো ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

**জনাব মোহাম্মদ রহিম উদ্দিন তালুকদার, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় অফিস, সিলেট** বলেন যে, সিলেট শহরে রাস্তার দুই পার্শ্বে এবং ফুটপাতে হকাররা অবৈধভাবে পণ্য বিক্রি করে শহরে যানজটের মতো একটি বড় সমস্যা তৈরি করছে। মানুষের পায়ে হাঁটার পথ হকাররা দখল করায় মানুষ নিরাপদে হাঁটাচলা করতে পারছে না। এমনকি বিভিন্ন রাস্তায় যানজটের সৃষ্টি হয়ে দুর্ঘটনা

ঘটছে। এটি সমাধান করতে পারলে সিলেট শহর একটি যানজটমুক্ত শহর হিসেবে গড়ে উঠবে বলে তিনি উল্লেখ করেন। সভাপতি মহোদয় জবাবে বলেন যে, সিটি কর্পোরেশন কর্তৃক যদি এই রাস্তার হকারদের জন্য নির্দিষ্ট জায়গা নির্ধারণ করতে পারতো এবং তাদেরকে সেখানে স্থায়ীভাবে বসাতে পারতো তাহলে এ সমস্যার স্থায়ী সমাধান পাওয়া যেতো।

**জনাব শাহ মো. সজিব হোসাইন, আবহাওয়াবিদ, আবহাওয়া অফিস, সিলেট** বলেন যে, স্ট্র্যাটেজিক প্ল্যানে নিম্ন আয়ের লোকদের জন্য পাবলিক টয়লেট গুলি ফ্রি করা যায় কিনা? তিনি তাঁর বক্তব্যে সিলেটে বড় খেলার মাঠ রাখার প্রস্তাবনা করেন। জবাবে সভাপতি মহোদয় সিলেট সিটি কর্পোরেশন এর দৃষ্টি আকর্ষণ করলে নির্বাহী প্রকৌশলী জনাব জয়দেব বিশ্বাস জানান যে, সিলেটে একটি বড় খেলার মাঠ রয়েছে। আরও দুটি খেলার মাঠ প্রস্তাবনা অনুমোদিত হয়েছে। একটি টিলাগড় নামক স্থানে ও অন্যটি দক্ষিণ সুরমাতে। মাঠ তিনটি খেলাধুলার পাশাপাশি দুর্যোগকালীন সময়ে Rescue Centre হিসেবে ব্যবহৃত হবে বলেও জানান। তিনি পাবলিক টয়লেটগুলি লিজ দেওয়া হয় এবং এগুলির পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য এই অর্থ উত্তোলন করা হয় বলে জানান।

**জনাব মো. ফখরুজ্জামান, উপপরিচালক (অদা:), যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট** নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত সিলেটের মাস্টার প্ল্যান কতটুকু বাস্তবায়ন হয়েছে তা জানতে চান। তিনি একটি মাস্টার প্ল্যান ২০ বছর মেয়াদি না করে একশত বছর মেয়াদি হওয়া উচিত বলে মনে করেন। তিনি বলেন যে, মাস্টার প্ল্যানে সরকারের যে সকল দপ্তর/সংস্থার কাজের সংশ্লিষ্টতা রয়েছে তাদের সমন্বয়ে সকল কাজ বাস্তবায়ন করা উচিত। সিলেট শহরের মধ্যে দিয়ে সুরমা নদী প্রবাহিত হয়েছে এবং নদীটি ধীরে ধীরে বালিতে ভরাট হয়ে যাচ্ছে সে দিকে আমাদের নজর না দিলে সিলেট শহরে বন্যা/জলাবদ্ধতা আরো বেশী দেখা যাবে বলে তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেন। পানি নিষ্কাশনের বিষয়টা সঠিকভাবে পর্যবেক্ষণ করতে হবে বলে তিনি জানান। উত্তরে সভাপতি মহোদয় বলেন যে, নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত সিলেটের মাস্টার প্ল্যান ২০ বছর মেয়াদি। এই মাস্টার প্ল্যান ৫ বছর পরপর এটা রিভিউ করতে হয়। একটি মাস্টার প্ল্যান প্রণয়ন করার দায়িত্ব নগর উন্নয়ন অধিদপ্তরের কিন্তু বাস্তবায়নের দায়িত্ব তাদের নাই। তবে তিনি সকলের সাথে নিয়মিতভাবে সুরমা নদীর ক্যাপিটাল ড্রেজিং প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।

**জনাব দেবল সরকার, অতিরিক্ত উপপরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট** বলেন যে, সিলেট শহর একটি সুন্দর শহর এবং এই শহরে হেঁটে হেঁটে ভ্রমণ করা যায়। এই শহরের রাস্তার পাশ দিয়ে সুন্দর ড্রেনেজ সিস্টেম করা রয়েছে যা মাস্টার প্ল্যানের অংশ হিসেবে তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেন। ড্রেনেজ এর পাশের সুন্দর ওয়াকওয়ে থাকলেও নদীর তীরে ময়লা আবর্জনা ফেলার কারণে দুর্গন্ধে সকালে/বিকালে মানুষ নির্মল বাতাসে হাঁটতে পারে না। এটি কীভাবে স্থায়ীভাবে দূর করা যায় তিনি এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি তাঁর বক্তব্যে মাস্টার প্ল্যানে বড় বড় মার্কেট এরিয়াতে যেখানে যানজট সৃষ্টি হয় সেখানে "নো ভেহিকল জোন" বা পাবলিক স্পেস বা সোশ্যাল স্পেস সৃষ্টি, রুফ টপ গার্ডেনিং, আরবান এগ্রিকালচারকে অন্তর্ভুক্ত করা, প্রান্তীয় অঞ্চলে শহর সম্প্রসারণ এর প্রস্তাবনা প্রদান করে তাঁর বক্তব্য শেষ করেন। জবাবে সিলেট সিটি কর্পোরেশন এর নির্বাহী প্রকৌশলী জনাব জয়দেব বিশ্বাস মাস্টারপ্ল্যান এর প্রস্তাবনা বাস্তবায়নে গড়ে ওঠা অবকাঠামো অপসারণ এবং Concentrated এলাকায় অধিক সংখ্যক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলার মানসিকতা প্রধান অন্তরায় বলে উল্লেখ করেন। সভাপতি মহোদয় তাঁর সাথে একমত পোষণ করে বলেন যে, বাজার দোকান ও ব্যবসায়ী প্রতিষ্ঠান গুলির দুর্গন্ধজনিত ময়লা নদীর তীরে বা নদীতে ফেলার কারণে ওয়াকওয়েতে দুর্গন্ধ দেখা যায়। তিনি আরো বলেন যে, আবাসিক এলাকাগুলোতে যেমন ময়লা আবর্জনা সিটি কর্পোরেশন অপসারণ করে থাকে তেমনি নদী তীরবর্তী বাজারগুলোর ব্যবসায়ী সমিতির সাথে সিলেট সিটি কর্পোরেশন এর সংশ্লিষ্ট কর্মকর্তারা আলোচনা করে বিষয়টির সুষ্ঠু সমাধান করতে পারেন। তিনি জলাবদ্ধতা নিরসনে ছড়াগুলি পরিষ্কার করার ব্যবস্থা গ্রহণ করা, ড্রেনে এবং ছড়াগুলির মধ্যে ময়লা ফেলা বন্ধ করা ইত্যাদির ব্যবস্থাপনার কথা উল্লেখ করেন। সভাপতি সিটি কর্পোরেশনকে মার্কেট এলাকায় সোশ্যাল স্পেস সৃষ্টির আহ্বান জানান।

**জনাব মো. সুমন আলি, ইঞ্জিনিয়ারিং অ্যাডভাইজার, এসএনভি** বলেন যে, ড্রেনেজ সিস্টেম সমস্যায় সলিড ওয়েস্ট ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ বিষয়। সলিড ওয়েস্ট Proper Manage না হলে ড্রেনেজ সমস্যার কার্যকর সমাধান সম্ভব হবে না বলে তিনি তাঁর বক্তব্যে তুলে ধরেন। তিনি Strategic Plan এ সলিড ওয়েস্ট এর 3R Management অন্তর্ভুক্ত করা যায় কিনা সে বিষয়ে প্রস্তাবনা তুলে ধরেন। জবাবে সভাপতি মহোদয় বলেন যে, চলমান এবং ভবিষ্যৎ প্রকল্পে অবশ্যই বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হবে। তিনি Solid Waste যাতে Drainage System না প্রবেশ করতে পারে সে জন্য আধুনিক অনেক ব্যবস্থা সিটি কর্পোরেশন নিতে পারে সে বিষয়ে সিটি কর্পোরেশন এর দৃষ্টি আকর্ষণ করেন।

**জনাব মো: বদরুল হুদা, সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট** বলেন যে, উত্তর সিলেটের বৃষ্টির পানি সুরমা নদীতে যেয়ে পড়ে এবং উত্তর হতে দক্ষিণ দিকে প্রবাহিত হয়। কিন্তু দক্ষিণ সুরমায় ভূ-প্রকৃতিগত কারণে পানি সুরমা নদীতে আসে না। দক্ষিণ সুরমা এলাকাতে নগরায়ণ এবং Navigation Blockage এর কারণে বৃষ্টি ও অন্যান্য উৎসের পানি আরো দক্ষিণে হাওড় ও বিলে যেতে বাধাগ্রস্ত হয়। ফলে, দক্ষিণ সুরমায় অবস্থিত ২৫, ২৬ এবং ২৭ নম্বর ওয়ার্ডে ব্যাপক জলাবদ্ধতা দেখা যায় যার সুষ্ঠু সমাধান মাস্টার প্ল্যানে থাকা উচিত বলে তিনি মনে করেন। তিনি Water Flow Navigation Clear করার ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। তিনি ইসলামপুর, বালুচর এবং গওহর এলাকায় বসতি বাড়ার কারণে পাহাড় টিলা কর্তনে উদ্বেগ প্রকাশ করেন। তিনি সিলেট সিটি কর্পোরেশনের বিসি কমিটিকে পরিবেশ আইন অনুসরণ করে উক্ত এলাকাতে বাড়িঘর নির্মাণের অনুমিত প্রদানের ব্যাপারে সতর্ক থাকার আহ্বান জানান। তিনি উক্ত এলাকাতে Eco-friendly ঘর বা রিসোর্ট নির্মাণ অথবা পরিবেশের ক্ষতির কারণ হয় এমন কর্মকান্ড না করার পরামর্শ প্রদান করেন। তিনি জনগণের সচেতনতার পাশাপাশি জলাবদ্ধতা নিরসনে Law & Enforcement এর কঠোর প্রয়োগ করার পরামর্শ দেন। সেমিনারে উপস্থিত সকলে তাঁর বক্তব্যের সাথে একমত পোষণ করেন।

**জনাব জয়দেব বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট** বলেন যে, মাস্টার প্ল্যান অনুযায়ী সকল কাজ বাস্তবায়ন করা কিছু কিছু ক্ষেত্রে কঠিন। কারণ বর্তমান শহরের কিছু অংশে মাস্টার প্ল্যান অনুযায়ী কাজ বাস্তবায়ন করতে গেলে শহরের কিছু অংশের বহুতল ভবনসহ ঘরবাড়ি, ব্যবসা প্রতিষ্ঠান ভেঙ্গে ফেলতে হবে সেক্ষেত্রে নানাবিধ সমস্যার সৃষ্টি হবে। বর্তমানে নতুন কিছু তৈরি করতে হলে মাস্টার প্ল্যান অনুযায়ী, করা হয় বলে তিনি জানান। তিনি বিসি কমিটি কর্তৃক ভবন নির্মাণের জন্য সকল বিষয় বিবেচনা করে বিল্ডিং নির্মাণের অনুমতি প্রদান করা হচ্ছে বলে উল্লেখ করেন। সিলেট সিটি কর্পোরেশন ভূমিকম্প, জলাবদ্ধতা এবং বন্যা পরিস্থিতির কথা বিবেচনা করে আগামী কার্যক্রম পরিচালনা করছে বলে উল্লেখ করেন। তিনি নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস সিলেট কর্তৃক এমন উদ্যোগকে সাধুবাদ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

প্রধান অতিথি হিসেবে দায়িত্বপ্রাপ্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী ইঞ্জিনিয়ার জনাব মোহাম্মদ আলী আকবর নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট কর্তৃক আয়োজিত আজকের সেমিনারে উপস্থিত হওয়া এবং তাঁদের সুচিন্তিত মতামত প্রদান করার জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট এবং সিলেট সিটি কর্পোরেশনকে আজকের সেমিনার এ প্রাপ্ত বিভিন্ন মতামত লিপিবদ্ধ করার পরামর্শ দেন। তিনি উপকারভোগী জনগণ ও সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় রেখে কৌশলগতগত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নেরও অনুরোধ করেন। পরিশেষে তিনি সকলের সুস্বাস্থ্য ও শুভকামনা করে তাঁর বক্তব্য সমাপ্ত করেন।

অত:পর সভাপতি মহোদয় তাঁর সমাপনী বক্তব্যে প্রধান অতিথির পরামর্শের সাথে এক মত পোষণ করেন এবং সেমিনারে উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে তিনি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

Shaheen Ahmed 14/05/2025

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোন. ০২৯৯৬৬৩৬৬৩৬৬৩৩

পরিশিষ্ট- "ক"

**নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিসের অনুষ্ঠিতব্য "সিলেট বিভাগীয় শহরের কৌশলগত পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি: বর্তমান প্রেক্ষাপট" শীর্ষক দিনব্যাপী সেমিনারে উপস্থিত/অংশগ্রহণকারী কর্মকর্তাগণের উপস্থিতি তালিকা**

তারিখঃ ২৪/০৪/২০২৫ খ্রিঃ

স্থানঃ সম্মেলন কক্ষ, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট

| ক্র. নং | কর্মকর্তার নাম ও পদবী | সংস্থার নাম | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|---|
| | Engr. Mohammad Ali Akbar | SCC | 01711-906647 | aliakbar86buet@gmail.com | [signature] 24.04.2025 |
| 2 | Dr. Md. Anowarul Islam Associate Professor and Head Dept. of Geography and Env. SUST | SUST | 01709109665 | anowar-gee@sust.edu | [signature] 24.04.25 |
| ৩. | আহীন আহমেদ সিনিয়র প্ল্যানার | নগর উন্নয়ন অধিদপ্তর | 01777-400-959 | ashaeen1192@yahoo.com | [signature] 24.04.2025 |
| ৪ | RAZI UDDIN KHAN | Executive Engineer SCC | 01716690101 | razi_uddin_khan@yahoo.com | [signature] 24.04.2025 |
| ৫ | কামাল উদ্দিন উপপরিচালক | জেলা পরিসংখ্যান অফিস, সিলেট | 01716-736577 | ukamalbbs@gmail.com | [signature] 28/08/25 |
| ৬. | দেবল সরকার অতিরিক্ত উপপরিচালক (শস্য) | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | 01721-044685 | ddaesylhet@gmail.com | [signature] 24.04.25 |
| ৭. | শাহ মো: সজিব হোসাইন, প্রোগ্রামার | আবহাওয়া অফিস, সিলেট | 01724674486 | shajib206@gmail.com | [signature] 24.04.25 |

| ক্র. নং | কর্মকর্তার নাম ও পদবী | সংস্থার নাম | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|---|
| ৮ | মো: কামরুজ্জামান উপ পরিচালক (অ:দা): | যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট | 01711-156771 | dddydsylhet@gmail.com | [signature] |
| ৯ | Mihir Roy Deputy General Manager | BTCL | 01550151721 | dgmbtclsylhet@gmail.com | [signature] 28/8/25 |
| 10. | Mohammad Shafiqul Islam. Inspector of Police | Sylhet Metropolitan Police (S.M.P) | 01712600104 | shafiqislam07@gmail.com | [signature] 28/08/25 |
| 11. | Mohammad Rahim Uddin Talukdar, District Cooperative Officer, | District cooperative office, Sylhet | 01790023700 | dco_sylhet@yahoo.com | [signature] 24-04-25 |
| 12. | Maruf Mia Computer operator | District Employment and Manpower office (DEMO) | 01777439304 | marufahmed82522@gmail.com | [signature] 24.4.25 |
| 13 | Mohammad Najim uddin. Asistant Director | Dist. Social Services office | 01712712473 | dsssylhet@gmail.com | [signature] |
| 14. | Dipta Chakrabarty Scientific officer | Soil Resource Development Institute (SRDI), Divisional office, Sylhet | 01748-124944 | dipta.srdi@gmail.com | [signature] |
| 15. | Azizul Islam Sub Assistant Engineer. Education Engineering Depart. | Education Engineering Department. Sylhet. | 01759661418 | Jeweelahmeed@gmail.com | [signature] |
| 16. | Md. Bodrul Huda Assistant Director | Dept. of Environment DoE | 01722292447 | bodrul.4u@gmail.com | [signature] |

| ক্র. নং | কর্মকর্তার নাম ও পদবী | সংস্থার নাম | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|---|
| 17. | জয়দেব বিশ্বাস<br>নির্বাহী প্রকৌশলী | সিলেট সিটি কর্পোরেশন | 01717-075555 | biswasjoy78@yahoo.com | [signature] 24/04/25. |
| 18. | মোহাম্মদ সেলিম মিয়া —<br>উপ: সহ: প্রকৌশলী — | সিলেট সিটি কর্পোরেশন | 01711057682 | mdsalimmia82@gmail.com | [signature] ২৪/০৪/২৫ |
| 19. | মো: ওমর ফারুক<br>সহ: প্রকৌশলী | সিলেট সিটি কর্পোরেশন | 01796514693 | omorfarukuap@gmail.com | [signature] 24/04/25. |
| 20. | বিপন কুমার তালুকদার<br>উপ: সহ: প্রকৌশলী | জেলা তথ্য দপ্তর সিলেট | 01861-289694 | bipontalukder878@gmail.com | [signature] ২৪/০৪/২৫ |
| 21 | Md. Tanveer Rahman Mollah / Urban planner | SCC | 01558284812 | tanveeruelogo@gmail.com | [signature] 24.04.25 |
| 22 | TASLIM HOSSAIN ANIK<br>Architect | SCC | 01714613102 | taslimhossainanik@gmail.com | [signature] 24.04.25 |
| 23 | Bijit Chandra Dey<br>SUB-ASSISTANT Engineer | SCC | 01716440830 | bijitdey889@gmail.com | [signature] 24.4.25 |
| 24 | নওরিন চৌধুরী | সিলেট সিটি কর্পোরেশন | 01735-926485 | nowrin.scc@gmail.com | [signature] 24.04.25 |
| 25 | Md. Ismailur Rahman.<br>AE(Civil) | S.C.C | 01818628266 | ismailscc19@gmail.com | [signature] 24/4/2025 |


| ক্র. নং | কর্মকর্তার নাম ও পদবী | সংস্থার নাম | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|---|
| 26 | Lipu Singho AE. | S.C.C | 01716177059 | lipuscc10@yahoo.com | [signature] 24/04/25 |
| 27 | Sumon Chandra Deb AE | SCC | 01711263000 | skd.scc@gmail.com | [signature] 24.04.2025 |
| 28 | Angshuman Bhattacjee AE | Scc | 01712-087884 | rakhu@scc.gov.bd | [signature] |
| 29 | Md. Sumon Ali Engineering Advisor | SNV | 01729-436705 | sali@snv.org | [signature] |
| 30 | Mahmudul Islam Assistant Engineer | Roads & Highways. Department, Sylhet | 01880-865319 | mahmudrcony5@gmail.com | [signature] |
| 31 | Md. Imam Hossain | SNV | 01795365368 | imam.hossain@snv.org | [signature] |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

পরিশিষ্ট "খ"

<u>২৪/০৪/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত সেমিনারের আলোকচিত্র নিম্নরূপ</u>





চিত্র-১




চিত্র-২




চিত্র-৩




চিত্র-৪




চিত্র-৫




চিত্র-৬





চিত্র-৭



চিত্র-৮



চিত্র-৯



চিত্র-১০

## ২৪/০৪/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত সেমিনারের আলোকচিত্র নিম্নরূপ




চিত্র-১



চিত্র-২




চিত্র-৩



চিত্র-৪



চিত্র-৫



চিত্র-৬




চিত্র-৭




চিত্র-৮



চিত্র-৯




চিত্র-১০